

তারিখ FEB 14 2000 ...
পৃষ্ঠা ৭ কলাম ৬

48

আনন্দমোহন কলেজ বন্ধ ঘোষণা শিক্ষকদেরকে হত্যার হুমকি

ময়মনসিংহে প্রতিনিধি : অনার্স পাট-৩ পরীক্ষা চলাকালে গত শনিবারের হামলা ও ভাঙচুরের ঘটনার পর আনন্দমোহন বিশ্ববিদ্যালয় কলেজ গতকাল রোববার থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। এদিকে, ছাত্র-শিক্ষকদের ওপর একের পর এক হামলা বন্ধ ও কলেজে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার দাবিতে শিক্ষকরা গতকাল প্রেসক্রাবের সামনে ৪ ঘণ্টা অবস্থান ধর্মঘট পালন করেন।

কর্তৃপক্ষ গতকাল থেকে অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করে ছাত্রছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দেয়। কর্তৃপক্ষ শনিবারের পরীক্ষাটিও

বাতিল করে দেয়। এ নিয়ে গত ৭ মাসে দু'বার আনন্দমোহন কলেজ বন্ধ ঘোষিত হলো। প্রথম দফায় ১৬ জুলাই কলেজ বন্ধ ঘোষণা করা হয়।

এদিকে, কলেজে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনা এবং সন্ত্রাসী হামলার প্রতিবাদে শিক্ষকরা গতকাল প্রেসক্রাবের সামনে সড়ক অবরোধ করে ৪ ঘণ্টা অবস্থান ধর্মঘট পালন করেন। এর আগে শিক্ষকরা স্থানীয় প্রশাসনের সঙ্গে সার্কিট হাউসে বৈঠক করেন এবং মৌন মিছিল নিয়ে শহর প্রদক্ষিণ করেন।

অপরদিকে শনিবারের হামলার পর সন্ত্রাসীরা শিক্ষকদের প্রাণনাশের হুমকি

● এরপর পৃষ্ঠা ২ কলাম ৮

আনন্দমোহন কলেজ

● প্রথম পাতার পর

দেয় বলে জানা গেছে। এতে সন্ত্রাস্ত হয়ে ভারপ্রাপ্ত অধ্যক্ষসহ বেশ কয়েকজন শিক্ষক নিজ বাসস্থানের বদলে অন্য জায়গায় রাত কাটান। কয়েকজন শিক্ষকের বাড়িতে পুলিশি প্রহরা দেওয়া হয়।

উল্লেখ্য, শনিবারের হামলার ৭ দিন আগেও কয়েকজন ছাত্র প্রস্তু ও নকল কমন না পড়ায় ভাঙচুর করে এবং শিক্ষকদের লাঞ্ছনা করে। জানুয়ারির প্রথমদিকেও অনার্সে অবৈধভাবে ছাত্রভর্তির দাবিতে কয়েকজন সন্ত্রাসী শিক্ষকদের ওপর হামলা চালায়। ধারাবাহিক হামলা, শিক্ষক লাঞ্ছনা ও ভাঙচুরের ফলে কলেজের শিক্ষা কার্যক্রম বিপর্যস্ত হয়ে পড়েছে।